(২১,৬)

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
প্রশাসন বিভাগ
রাজশাহী।

## জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ (৪র্থ কোয়াটার) এর ফিডব্যাক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতিঃ | জনাব সৈয়দ মোস্তাক হাসান<br>সচিব, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। |
| তারিখঃ | ২৫-০৬-২০২০ খ্রি:। |
| সময়ঃ | সকাল ১১-০০ ঘটিকা। |
| স্থানঃ | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সভা কক্ষ। |

(সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণের ছবি (পরিশিষ্ট-'ক')।

সভার শুরুতে সভাপতি ও বোর্ডের সচিব ভিডিও কনফারেন্সে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, ফিডব্যাক সংক্রান্ত সভাটি অনুষ্ঠিত হওয়ার তারিখ নির্ধারিত ছিল ১০-০৫-২০২০ তারিখ কিন্তু মহামারি করোনা ভাইরাসের প্রাদুর্ভাব এর কারনে সাধারন ছুটি থাকায় যথা সময় সভা করা সম্ভব হয়নি। উক্ত কারণে অদ্য ভিডিও কনফারেন্সের মাধ্যমে সভার আয়োজন করা হয়েছে। এ বিষয় উপপরিচালক ঢাকা সভায় অবহিত করেন যে, প্রকল্পের অর্থায়নে তুঁত চাড়া উৎপাদন ও জমিতে লাগানোর কাজ শেষ হয়েছে কিন্তু করোনার কারনে জমি অধিগ্রহন করা সম্ভব হয়নি। এ বিষয়ে বাজেট রিভাইজের সিদ্ধান্ত হয়েছে। সচিব জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর ৪র্থ কোয়াটারের লক্ষ্য মাত্রা অনুযায়ী কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে সকলের সাথে বিস্তারিত আলোচনা করেন। কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের সময় প্রতিটি কর্মপরিকল্পনা বাস্তবায়নের প্রমাণক প্রেরণ করতে হবে। তাই ৪র্থ কোয়াটারের (এপিল-জুন/২০২০) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের সময় প্রয়োজনীয় প্রমানকসহ প্রেরণ করার জন্য বলা হয়। আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:

ক) শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়নযোগ্য বিষয়গুলো লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্দিষ্ট সময়ে বাস্তবায়ন করতে হবে।
খ) বোর্ড প্রধান কার্যালয়ে প্রেরণ যোগ্য বিভিন্ন প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে।
গ) রেশম উন্নয়ন বোর্ডের ওয়েব সাইট মাঝে মাঝে ভিজিট করতে হবে।
ঘ) অধিনস্থ শাখা/অধিখাশা পরিদর্শন পূর্বক পরিদর্শকালীন সুপারিশ বাস্তবায়ন করতে হবে।
ঙ) বিদ্যুৎ বিল, পানির বিল, ভূমি/পৌরকর যথাসময়ে পরিশোধ করতে হবে।
চ) নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রমানকসহ বোর্ড প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

মহামারি করোনা ভাইরাস প্রতিরোধ কল্পে সকলকে সরকারী নির্দেশনা মেনে চলার অনুরোধ করেন। আর কোন আলোচনা না থাকায় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত বিষয়গুলো যথাযথভাবে পালন এবং প্রমানকসহ বোর্ডে প্রেরণ করার তাগিদ দিয়ে ও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২৭/০৬/2020
(সৈয়দ মোস্তাক হাসান)
সচিব
ফোন: ৭৭৬২৪৭

০/৫

নং-২৪.০৬.০০০০.০০৭.০৬.০০১.২০. ১২৭৬ তারিখ: 29-06-2020

বিতরণ:

১। উপ-পরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, ঢাকা/রাজশাহী/রংপুর/যশোর/রাঙ্গামাটি।

অনুলিপি:সদয় জ্ঞাতার্থে:

১। সদস্য (অর্থ ও পরিকল্পনা)/ (সম্প্রসারণ ও প্রেষণা)/(উৎপাদন ও বাজারজাতকরণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।